# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩৫]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدِ بْنِ كَثِيرٍ، عَنْ مُحَمَّدٍ، عَنِ الزُّبَيْدِيِّ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ، قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَامَ النَّاسُ مَعَهُ فَكَبَّرَ وَكَبَّرُوا ثُمَّ رَكَعَ وَرَكَعَ أُنَاسٌ مِنْهُمْ ثُمَّ سَجَدَ وَسَجَدُوا، ثُمَّ قَامَ إِلَى الرَّكْعَةِ الثَّانِيَةِ فَتَأَخَّرَ الَّذِينَ سَجَدُوا مَعَهُ وَحَرَسُوا إِخْوَانَهُمْ، وَأَتَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَرَكَعُوا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَسَجَدُوا وَالنَّاسُ كُلُّهُمْ فِي صَلَاةٍ يُكَبِّرُونَ وَلَكِنْ يَحْرُسُ بَعْضُهُمْ بَعْضًا .

تخريج دارالدعوه: صحيح البخارى/الخوف ٣ (٩٤٤)، (تحفة الأشراف: ٥٨٤٧) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1535 ـ صحيح

বাংলা

১৫৩৪. 'আমর ইবনু উসমান ইবনু সা'ঈদ ইবনু কাসীর (রহ.) ..... 'আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (একবার) রসূলুল্লাহ (সা.) সালাতে দাঁড়ালেন এবং অন্যান্য মানুষেরাও তাঁর সাথে দাড়িয়ে গেল। তিনি তাকবীর বললেন আর তারাও তাকবীর বলল, এরপর তিনি রুকূ করলেন তাদের কিছু লোকও রুকূ করল, অতঃপর তিনি সাজদাহ করলে তারাও সাজদাহ করল, এরপর তিনি দ্বিতীয় রাক'আতে দাড়ালেন। যারা তার সাথে সাজদাহ করেছিল তারা সরে গেল এবং তাদের ভাইদেরকে পাহারা দিতে লাগল। অতঃপর দ্বিতীয় গ্রুপ এসে গেল ও নবী (সা.) -এর সাথে রুকু করল এবং সাজদাহ করল। আর সকল মানুষ সালাতে তাকবীর বলেছিল কিন্তু তারা কতক কতককে পাহারা দিচ্ছিল।

## English

It was narrated from 'Ubaidullah bin Abdullah bin Utbah that: 'Abdullah bin 'Abbas said: The Messenger of Allah (ﷺ) stood and the people stood with him, and he said the takbir and they said the takbir. Then he bowed, and some of them bowed, then he prostrated and they prostrated, then he stood for the second rak'ah and those who had prostrated with him moved back and guarded their brothers, and the other group came and bowed and prostrated with the Prophet (ﷺ). All the people were praying and saying the takbir, but they were guarding one another.

## ফুটনোট

সহীহঃ বুখারী ৯৪৪, নাসায়ী'র "সুনানুল কুবরা" ১৯২২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন